এপ্রিল-জুন ২০২৫ সংখ্যা

# এনডব্লিউপিজিসিএল বার্তা

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ এর একটি ত্রৈমাসিক প্রকাশনা



## এনডব্লিউপিজিসিএল-এর সিএসআর কার্যক্রম

## নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ

আইএসও ৯০০১: ২০১৫, আইএসও ১৪০০১: ২০১৫ এবং আইএসও ৪৫০০১: ২০১৮ সনদপ্রাপ্ত

(বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান)

# এনডব্লিউপিজিসিএল বার্তা

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ এর একটি ত্রৈমাসিক প্রকাশনা
**এপ্রিল-জুন ২০২৫ সংখ্যা**


## উপদেষ্টামন্ডলী

**প্রকৌঃ মোঃ হারুন অর রশীদ**
নির্বাহী পরিচালক (পিএন্ডডি), এনডব্লিউপিজিসিএল

**এস. এম. হাবীবুর রহমান সিদ্দিক**
নির্বাহী পরিচালক (অর্থ), এনডব্লিউপিজিসিএল

**প্রকৌঃ মোঃ মোশাররফ হোসেন**
নির্বাহী পরিচালক (প্রকৌশল), এনডব্লিউপিজিসিএল

**মোঃ মামুনুর রহমান মন্ডল**
মহাব্যবস্থাপক (মানবসম্পদ ও প্রশাসন), এনডব্লিউপিজিসিএল

## প্রকাশক
**কোম্পানি সচিবালয়, এনডব্লিউপিজিসিএল**

## সম্পাদক
বিমল চন্দ্র রায় এফসিএস
কোম্পানি সচিব, এনডব্লিউপিজিসিএল

## সমন্বয়ক
**প্রকৌঃ মুহাম্মদ সাইফুদ্দীন আহসান**
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএন্ডডি), এনডব্লিউপিজিসিএল

## সহকারী সম্পাদক
**আখতার মাহমুদ**
উপ-ব্যবস্থাপক (জনসংযোগ), এনডব্লিউপিজিসিএল



NORTH-WEST POWER GENERATION COMPANY LIMITED

**নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল)**
(বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান)

ইউটিসি ভবন (৪র্থ তলা), ৮ পান্থপথ,
কাওরান বাজার, ঢাকা-১২১৫
**ফোন:** ৪৮১২২১৮২, ৪৮১২২১১৮, ৯১৪২০৬২
**ওয়েবসাইট:** www.nwpgcl.gov.bd
**ফেইসবুক পেইজ:**
https://www.facebook.com/NWPGCL/


## সম্পাদকীয়

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড নিয়মিতভাবে কোম্পানির কর্মকাণ্ডের তথ্য সকলের জ্ঞাতার্থে প্রকাশ করে আসছে। এ ধারাবাহিকতায় কোম্পানির কর্মকান্ড, সাফল্য, নতুন উদ্যোগ, বিদ্যুৎ কেন্দ্রের সংরক্ষণ কার্যক্রম এবং বিভিন্ন সংবাদ সম্বলিত একটি ত্রৈমাসিক প্রকাশনা 'এনডব্লিউপিজিসিএল বার্তা' এর ২০২৪-২০২৫ অর্থবছরের ৪র্থ সংখ্যা প্রকাশিত হতে যাচ্ছে। এটি কোম্পানির অন্যতম মুখপত্র হিসেবে কোম্পানির সার্বিক চিত্র সকলের নিকট তুলে ধরবে। এ সংখ্যায় কোম্পানির বিভিন্ন কর্মকাণ্ডের পাশাপাশি কর্পোরেট সামাজিক দায়বদ্ধতার বিষয়টিও তুলে ধরা হয়েছে। যাতে করে জনসাধারণ অত্র কোম্পানির জনকল্যাণমূলক কর্মকাণ্ড সম্পর্কে অবহিত হতে পারে।

বিদ্যুৎ দেশের অর্থনৈতিক উন্নতির মূল চালিকাশক্তি। জিডিপি-এর প্রবৃদ্ধি এবং দেশের ক্রমবর্ধমান অর্থনীতিকে গতিশীল রাখতে টেকসই, নির্ভরযোগ্য এবং সাশ্রয়ী বিদ্যুৎ সরবরাহের প্রয়োজন। বাংলাদেশ সরকার দেশের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণে মিশ্র জ্বালানি (গ্যাস, কয়লা, তরল জ্বালানি, পারমাণবিক শক্তি, নবায়নযোগ্য জ্বালানি) ব্যবহারের মাধ্যমে বিদ্যুৎ খাতের উন্নয়নের লক্ষ্যে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি কর্মসূচী গ্রহণ করেছে। সরকারের এ সকল লক্ষ্য অর্জনে অংশীজন হিসেবে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল) নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

সাম্প্রতিককালে বৈশ্বিক জ্বালানি সংকট মোকাবেলায় বাংলাদেশ সরকার নানান বাস্তবমুখী উদ্যোগ নিয়েছে যা প্রশংসনীয়। নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ সরকারের সহযোগী হিসেবে কাজ করতে বদ্ধপরিকর। এ কারণে জ্বালানি সংকট সত্ত্বেও নানামুখী পরিকল্পনার মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন অব্যাহত রেখেছে অত্র কোম্পানি। 'এনডব্লিউপিজিসিএল বার্তা' নিয়মিতভাবেই কোম্পানির কর্মকাণ্ড ও অগ্রগতির চিত্র জনগণের সামনে তুলে ধরবে। এনডব্লিউপিজিসিএল বার্তা এর ২০২৪-২০২৫ অর্থবছরের ৪র্থ সংখ্যা প্রকাশের সুযোগ পেয়ে আমরা আনন্দিত ও গর্বিত। সকলকে শুভেচ্ছা।

**সম্পাদক**
বিমল চন্দ্র রায় এফসিএস
কোম্পানি সচিব, এনডব্লিউপিজিসিএল

# স্বাগত বক্তব্য



**প্রকৌ. হাসিবুল হাসান, ব্যবস্থাপনা পরিচালক, এনডব্লিউপিজিসিএল**

আমি অত্যন্ত আনন্দিত যে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ কর্তৃক ২০২৪-২৫ অর্থ বছরে 'এনডব্লিপিজিসিএল বার্তা' এর ৪র্থ সংখ্যা কোম্পানির ওয়েবসাইটে প্রকাশিত হতে যাচ্ছে। উক্ত প্রকাশনায় কোম্পানির হালনাগাদ কারিগরি এবং অ-কারিগরি তথ্য তুলে ধরা হয়েছে। নিয়মিত কার্যক্রমের পাশাপাশি কোম্পানির অর্জন, সাফল্যের চিত্র ও কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা (সিএসআর) সংক্রান্ত কার্যক্রমের সংবাদ জনগণের সুবিধার্থে প্রকাশ করা হয়েছে। 'এনডব্লিপিজিসিএল বার্তা'র মাধ্যমে কোম্পানির সকল স্তরের কর্মকর্তা-কর্মচারিগণসহ বিভিন্ন অংশীজন অবাধ তথ্য গ্রহণের মাধ্যমে উপকৃত হবেন। এ ধরনের কার্যক্রমের ফলে একদিকে যেমন জ্ঞানের ভান্ডার সমৃদ্ধ হবে অন্যদিকে জনগণের নিকট কোম্পানির ভাবমূর্তি উজ্জ্বল হবে। এছাড়া, এ প্রকাশনার ফলে বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন দপ্তর অত্র কোম্পানি সম্পর্কে সহজেই প্রয়োজনীয় তথ্য পাবে বলে আশা করি।

পরিশেষে, আমি 'এনডব্লিপিজিসিএল বার্তা' এর অব্যাহত অগ্রযাত্রা ও সফলতা কামনা করছি এবং একই সাথে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করছি।

# সূচীপত্র


কোম্পানি পরিচিতি ৪

এক নজরে কোম্পানির বিদ্যুৎ কেন্দ্রসমূহ - ৫

জ্বালানি সচিব মহোদয়ের সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন - ৬

এনডব্লিউপিজিসিএল-এর পরিচালনা পর্ষদে নতুন পরিচালকের যোগদান - ৭

ভেড়ামারা বিদ্যুৎ কেন্দ্রের ক্রীড়া প্রতিযোগিতা ২০২৫ – ৮

এনডব্লিউপিজিসিএল-এর সিএসআর কার্যক্রম – ৯

সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্র (ইউনিট)-এর সংরক্ষণ কার্যক্রম - ১০

ভেড়ামারা ৪১০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের সংরক্ষণ কার্যক্রম ১২

ইনোভেশন প্রতিযোগিতা, ২০২৪-২৫ এর পুরস্কার বিতরণ ১৫

# কোম্পানি পরিচিতি

দেশের উত্তর-পশ্চিমাঞ্চলের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণ এবং লো-ভোল্টেজ সমস্যা নিরসনকল্পে বিদ্যুৎ খাত সংস্কারের আওতায় কোম্পানি আইন, ১৯৯৪ অনুসারে গত ২৮-০৮-০৭ ইং তারিখে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান হিসেবে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল) গঠিত হয়। সিরাজগঞ্জ ১৫০ মেঃওঃ ও খুলনা ১৫০ মেঃওঃ পিকিং পাওয়ার প্লান্ট নির্মাণ প্রকল্প এবং ভেড়ামারা ৩৬০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র উন্নয়ন প্রকল্প নিয়ে কোম্পানি প্রাথমিকভাবে যাত্রা শুরু করে।

কোম্পানি বিদ্যুৎ উৎপাদন আরম্ভ করে ০৩ নভেম্বর ২০১২ তারিখে। বর্তমানে ১০ (দশ) টি বিদ্যুৎ কেন্দ্রের নেট উৎপাদন ক্ষমতা ৩১৩১.১৩ মেঃওঃ। অল্প সময়ে কোম্পানির এরূপ আশাতীত সাফল্য সকল মহলেই প্রশংসিত হয়েছে। নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ গঠিত হবার পর থেকেই বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প বাস্তবায়নে এবং বিদ্যুৎ কেন্দ্র পরিচালন ও সংরক্ষণে অনবদ্য ভূমিকা পালন করে আসছে।

আশা করা যায়, ২০৩৫ সালের মধ্যে কোম্পানি ১০,০০০ মেঃওঃ এর উর্ধ্বে বিদ্যুৎ উৎপাদনে সক্ষম হবে। এছাড়া, কোম্পানিটি দ্রুততম সময়ে শক্তিশালী ব্রান্ড ইমেজসহ দেশের নেতৃত্বশীল বিদ্যুৎ উৎপাদনকারী সংস্থায় পরিগণিত হবে বলেই কোম্পানি আশা করে।

প্রতিষ্ঠানটির বর্তমান চেয়ারম্যান জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম, সচিব, জ্বালানি ও খনিজসম্পদ বিভাগ বিভাগ এবং ব্যবস্থাপনা পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন প্রকৌশলী হাসিবুল হাসান।

# এক নজরে কোম্পানির বিদ্যুৎ কেন্দ্রসমূহ

| ক্র. নং | বিদ্যুৎ কেন্দ্রের নাম | জ্বালানি | নেট উৎপাদন ক্ষমতা (মেঃওঃ) | বাণিজ্যিকভাবে বিদ্যুৎ উৎপাদনের তারিখ |
|---|---|---|---|---|
| ১ | সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (১ম ইউনিট) | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ২১৪ | সিম্পল সাইকেল: নভেম্বর ২০১২<br>কম্বাইন্ড সাইকেল: জুলাই ২০১৪ |
| ২ | খুলনা ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ২৩০ | সিম্পল সাইকেল:সেপ্টেম্বর ২০১৩<br>কম্বাইন্ড সাইকেল: জুন ২০১৬ |
| ৩ | ভেড়ামারা ৪১০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ৪১০ | সিম্পল সাইকেল: মে ২০১৭<br>কম্বাইন্ড সাইকেল: ডিসেম্বর ২০১৭ |
| ৪ | সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (২য় ইউনিট) | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ২২০ | ফেব্রুয়ারী ২০১৮ |
| ৫ | সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (৩য় ইউনিট) | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ২২০ | সিম্পল সাইকেল: আগস্ট ২০১৮<br>কম্বাইন্ড সাইকেল: জানুয়ারী ২০১৯ |
| ৬ | মধুমতি ১০০ মেঃওঃ এইএফও চালিত বিদ্যুৎ কেন্দ্র | এইচএফও | ১০৫ | এপ্রিল ২০১৯ |
| ৭ | সিরাজগঞ্জ ৪০০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (৪র্থ ইউনিট) (যৌথ মালিকানা) | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ৪১৪ | সিম্পল সাইকেল: অক্টোবর ২০১৮<br>কম্বাইন্ড সাইকেল: এপ্রিল, ২০১৯ |
| ৮ | পায়রা ১৩২০ মেঃওঃ তাপ বিদ্যুৎ কেন্দ্র (১ম পর্যায়) (যৌথ মালিকানা) | কয়লা | ১২৪৪ | **১ম ইউনিটঃ** মে, ২০২০<br>২য় ইউনিটঃ ডিসেম্বর, ২০২০ |
| ৯ | সিরাজগঞ্জ ৬.৫৫ মেঃওঃ (এসি) গ্রীড কানেক্টেড ফটোভোল্টায়িক সোলার বিদ্যুৎ কেন্দ্র | --- | ৬.১৩ | ৩০ মার্চ ২০২১ |
| ১০ | সিরাজগঞ্জ ৬৮ মেঃওঃ সোলার পার্ক (যৌথ মালিকানা) | --- | ৬৮ | **সেপ্টেম্বর ২০২৪** |
| | | **বর্তমানে মোট নেট উৎপাদন ক্ষমতা** | **৩১৩১.১৩ মেঃওঃ** | |

# জ্বালানি সচিব মহোদয়ের সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড এর পরিচালনা পর্ষদের সম্মানিত চেয়ারম্যান জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম ও সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, গত ১১-১২ জুন, ২০২৫ সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন করেন । এ সময় তিনি সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্রের প্রধান প্রকৌশলী ও অন্যান্য কর্মকর্তাদের সাথে মত বিনিময় করে বিভিন্ন দিক-নির্দেশনা প্রদান করেন এবং বিদ্যুৎ কেন্দ্র প্রাঙ্গনে বৃক্ষ রোপন করেন।









# এনডব্লিউপিজিসিএল-এর পরিচালনা পর্ষদে নতুন পরিচালকমন্ডলীর যোগদান

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ (এনডব্লিউপিজিসিএল) এর পরিচালনা পর্ষদের পরিচালক হিসেবে গত ২২ জুন ২০২৫ তারিখে অর্থ বিভাগের যুগ্ম সচিব জনাব কে এম আলী আযম যোগদান করেন এবং গত ২৯ মে ২০২৫ তারিখে পেট্রোবাংলার পরিচালক (অপরেশন এন্ড মাইনস) জনাব মোঃ রফিকুল ইসলাম যোগদান করেন। উক্ত সম্মানিত পরিচালকমন্ডলীকে কোম্পানি বোর্ডের পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছার মাধ্যমে বরণ করে নেয়া হয়।



অর্থ বিভাগের যুগ্ম সচিব জনাব কে এম আলী আযম-এর
এনডব্লিউপিজিসিএল-এ পরিচালনা পর্ষদের পরিচালক হিসেবে যোগদান



পেট্রোবাংলার পরিচালক (অপরেশন এন্ড মাইনস) জনাব মোঃ রফিকুল ইসলাম-এর
এনডব্লিউপিজিসিএল-এ পরিচালনা পর্ষদের পরিচালক হিসেবে যোগদান

# ভেড়ামারা বিদ্যুৎ কেন্দ্রের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ২০২৫

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লি. (নওপাজেকো)-এর আওতাধীন ভেড়ামারা ৪১০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ২০২৪-২৫-এর ফাইনাল ম্যাচসমূহ এবং পুরস্কার বিতরণী অনুষ্ঠান গত ২৩/০৫/২০২৫ তারিখে ভেড়ামারা বিদ্যুৎ কেন্দ্রের ফুটবল মাঠে অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নওপাজেকো-এর সম্মানিত ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী জনাব হাসিবুল হাসান মহোদয়। এছাড়া, নির্বাহী পরিচালক (অর্থ) জনাব এস. এম. হাবিবুর রহমান সিদ্দিক এবং মহাব্যবস্থাপক (মানব সম্পদ ও প্রশাসন) জনাব মোঃ মামুনুর রহমান মন্ডল অনুষ্ঠানে অতিথি হিসেবে অংশগ্রহণ করেন। ব্যবস্থাপনা পরিচালক মহোদয় উপস্থিত সকল কর্মকর্তা-কর্মচারীদের উদ্দেশ্যে বিভিন্ন দিক নির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন এবং বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন।








## এনডব্লিউপিজিসিএল-এর সিএসআর কার্যক্রম

পবিত্র ঈদ-উল-আযহা ২০২৫ উপলক্ষে কপোরেট সামাজিক দায়বদ্ধতা (CSR) কার্যক্রমের আওতায় নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেডের  আওতাধীন বিদ্যুৎ কেন্দ্র সংলগ্ন সিরাজগঞ্জ, খুলনা, বাগেরহাট জেলার গৃহহীন, কর্মহীন, অসহায় ও দুস্থ সর্বমোট ১৫০০ (এক হাজার পাঁচশত) পরিবারের মাঝে ২৪ (চব্বিশ) লক্ষ টাকা মূল্যের খাদ্য সামগ্রী বিতরণ করা হয়। প্রতি প্যাকেটে কোম্পানির CSR ট্রাস্টি বোর্ড কর্তৃক নির্ধারিত খাদ্য সামগ্রী চাল, ডাল, লবণ, সয়াবিন তেল, চিনি, গুড়া দুধ, সেমাই প্রদান করা ।



সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্র হতে খাদ্য সামগ্রী বিতরণ



ভেড়ামারা ৪১০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র হতে খাদ্য সামগ্রী বিতরণ



খুলনা ২২৫ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্র ও
রূপসা ৮০০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্র হতে খাদ্য সামগ্রী বিতরণ




মধুমতি বিদ্যুৎ কেন্দ্র হতে খাদ্য সামগ্রী বিতরণ

# সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্র (ইউনিট ১)-এর সংরক্ষণ কার্যক্রম

## ১.১ Circulating Water (CW) pump motor Maintenance

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড-এর আওতাধীন সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের (ইউনিট-১) Circulating Water(CW) pump motor maintenance কাজের কিছু স্থিরচিত্র।



চিত্র ১.১.১: CW Pump Motor Clooer খোলা হচ্ছে।



চিত্র ১.১.২: CW Pump Motor Clooer ক্লিনিং।



চিত্র ১.২.১: হাইড্রলিক ইউনিটের Oil লিকেজ আইডেন্টিফিকেশন এবং রেকটিফিকেশন।

## ১.২ বাইপাস ড্যাম্পারের হাইড্রলিক ইউনিটের Oil লিকেজ রেকটিফিকেশন

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড-এর আওতাধীন সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের (ইউনিট-১) গ্যাস টারবাইন বাইপাস ড্যাম্পারের হাইড্রলিক ইউনিটের Oil লিকেজ rectification কাজের স্থিরচিত্র।

## ১.৩ Plate-type Heat Exchanger Maintenance

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড-এর আওতাধীন সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের (ইউনিট-১) Steam Turbine CCCW System-এর Plate-type Heat Exchanger (PHE)-এর Maintenance কাজের কিছু স্থিরচিত্র।



চিত্র ১.৩.১: Plate-type Heat Exchanger-এর প্লেট খোলা হচ্ছে।



চিত্র ১.৩.২: Plate-type Heat Exchanger-এর প্লেট পরিষ্কার করা হচ্ছে।

## ১.৪ HRSG-এর বিভিন্ন Safety Valves-এর প্রেসার টেস্ট:

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড-এর আওতাধীন সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের (ইউনিট-১) HRSG-এর বিভিন্ন Safety Valves-এর প্রেসার টেস্ট সম্পন্ন করা হয়। উক্ত কাজের কিছু স্থিরচিত্র।



চিত্র ১.৪.১: Safety Valves-এর প্রেসার টেস্টের প্রিপারেশন নেয়া হচ্ছে।




চিত্র ১.৪.২: Safety Valves-এর প্রেসার টেস্ট করা হচ্ছে।

# ভেড়ামারা ৪১০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের সংরক্ষণ কার্যক্রম

১। গ্যাস টারবাইনের মেইন ফুয়েল গ্যাস কার্টেজ ফিল্টারের ডিফারেন্সিয়াল প্রেশার ক্রমাগত বাড়ছে এ সংক্রান্ত একটি Fault পরিচালন বিভাগ থেকে ইস্যু করা হয়। যেহেতু উক্ত ফিল্টারের কোন Redundency নেই সেহেতু বিগত ০৩/০৬/২০২৫ তারিখে প্লান্ট Shut Down দিয়ে জরুরি ভিত্তিতে নতুন কার্টেজ ফিল্টার পরিবর্তন করে দেওয়া হয়।



**চিত্র-১.১ : কার্টেজ ফিল্টার কাভার খোলার মুহূর্ত।**



**চিত্র-১.২: নতুন কার্টেজ ফিল্টার প্রতিস্থাপন।**

২। পার্জ এয়ার কম্প্রেশর-A লুব অয়েল কুলারের কুলিং সক্ষমতা কমে যাওয়ার প্রেক্ষিতে অয়েল কুলার কেমিক্যাল ক্লিনিং করার পদক্ষেপ নেওয়া হয়। এছাড়া, গ্যাস বুস্টার কম্প্রেসর-C এর ইনলেট গ্যাস ফিল্টারে ডিফারেন্সিয়াল প্রেশার ক্রমাগত বাড়ছে এ সংক্রান্ত একটি Fault পরিচালন বিভাগ থেকে ইস্যু করা হয়। পরবর্তিতে গ্যাস বুস্টার কম্প্রেসর-C এর ইনলেট ফিল্টার নতুন ফিল্টার দিয়ে প্রতিস্থাপন করা হয়।




চিত্র-২.১ : লুব অয়েল কুলাররের কেমিক্যাল ক্লিনিং।



চিত্র-২.২ : গ্যাস বুস্টার কম্প্রেসর-C এর নতুন ইনলেট গ্যাস ফিল্টার।

৩। পরিচালনের সময় ইঞ্জিন ড্রিভেন ফায়ার পাম্পের মাত্রাতিরিক্ত শব্দ পরিলক্ষিত হওয়ার কারণে ইঞ্জিনের এয়ার ইনটেক সিস্টেম ও টার্বোচার্জার খুলে পরীক্ষা করে দেখা হয়। এয়ার ইনটেক সিস্টেমের একটি বিলোজ ত্রুটিযুক্ত হওয়ায় এ সমস্যা হচ্ছিল বলে প্রতীয়মান হয়। পরবর্তিতে উক্ত বিলোজটি পরিবর্তন করে দেওয়া হয়। এছাড়া, HRSG এর অটোমেটিক রিসারকুলেশন কন্ট্রোল ভালবের ত্রুটির কারনে ফিড পাম্পের ডিসচার্জ প্রেসারে কিছুটা অসামঞ্জস্যতা পরিলক্ষিত হয়। পরবর্তিতে অটোমেটিক রিসারকুলেশন কন্ট্রোল ভালবটি নতুন ভালব দিয়ে প্রতিস্থাপন করে দেওয়া হয় এবং পুরাতন অটোমেটিক রিসারকুলেশন কন্ট্রোল ভালবটির প্রয়োজনীয় মেরামত সম্পন্ন করে কার্য উপযোগী করে পরবর্তি ব্যবহারের জন্য সংরক্ষণ করা হয়।





৪। গ্যাস বুস্টার কম্প্রেসরের মডিউল-৩ এর ফিল্টার সেপারেটরের ডিফারেনশিয়াল প্রেসার ক্রমাগত বাড়তে থাকায় ফিল্টার সেপারেটর গুলো কম্পেসড এয়ার দিয়ে পরিস্কার করে পুনরায় ব্যবহার উপযোগী করে সংযোজন করা হয়। এছাড়া, গ্যাস বুস্টার কম্প্রেসরে ভাইব্রেশন সেন্সরগুলো প্রক্সিমিটি টাইপ এবং মেশিনে স্পর্শ না করেই ভাইব্রেশন পরিমাপ করে এগুলো ভাইব্রেশন ক্যালিব্রেটর ব্যবহার করে কৃত্রিমভাবে ভাইব্রেশন সৃষ্টি করে পরীক্ষা করা হয়।




চিত্র-৪.১ : গ্যাস বুস্টার কম্প্রেসরের মডিউল-৩ এর ফিল্টার সেপারেটর।



চিত্র-৪.২ : গ্যাস বুস্টার কম্প্রেসরে ভাইব্রেশন সেন্সর পরীক্ষা।


৫। বিদ্যুৎ কেন্দ্রের GTG ও STG এর Power Evacuation Cable এ Earth Fault এর কারণে ক্ষতিগ্রস্থ দুটি সার্কিট এর মোট ৯টি ক্যাবল ও ১৮ টি ক্যাবল টারমিনেশন CCC Engineering Ltd. এর মাধ্যমে পরিবর্তন, কমিশনিং ও টেস্টিং কাজ করা হয়।






চিত্র-৫ : বিদ্যুৎ কেন্দ্রের GTG ও STG এর Power Evacuation Cable পরিবর্তন, কমিশনিং ও টেস্টিং কাজ।

৬। বিদ্যুৎ কেন্দ্রের Auxiliary Cooling Water (ACW)-B মোটরটির বিয়ারিং পরিবর্তন সহ বার্ষিক রক্ষণাবেক্ষণ কাজ সম্পন্ন করা হয়।





চিত্র-৬: বিদ্যুৎ কেন্দ্রের Auxiliary Cooling Water (ACW)-B মোটরটির বিয়ারিং পরিবর্তন করা হয়।

# ইনোভেশন প্রতিযোগিতা, ২০২৪-২৫ এর পুরস্কার বিতরণ



এনডব্লিউপিজিসিএল-এর কর্মকর্তা জনাব মোঃ সাইফুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী (টীম লিডার) ‘Portable online low insulation-related fault locating device for Sirajganj 7.6 MW Grid Connected PV Solar Plant’ শিরোনামে ইনোভেশন আইডিয়ার জন্য তার টীমের পক্ষ থেকে প্রথম স্থান লাভ করায় ব্যবস্থাপনা পরিচালক জনাব হাসিবুল হাসান এর নিকট থেকে পুরস্কার গ্রহণ করছেন

২৬ জুন ২০২৫ তারিখে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ (এনডব্লিউপিজিসিএল) এর ৬ষ্ঠ মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় কোম্পানির কার্যক্রম নিয়ে নিয়মিত আলোচনার পাশাপাশি ব্যবস্থাপনা পরিচালক প্রকৌঃ হাসিবুল হাসান কোম্পানির বোর্ড রুম, কর্পোরেট অফিস, ঢাকায় এনডব্লিউপিজিসিএল-এর ইনোভেশন প্রতিযোগিতা ২০২৪-২৫ এর পুরস্কার বিতরণ করেন। পুরস্কার প্রাপ্ত আইডিয়া ও টীমমেম্বারদের তালিকা নিম্নরূপ:

## ১। প্রথম পুরস্কার: Portable online low insulation-related fault locating device for Sirajganj 7.6 MW Grid Connected PV Solar Plant

**টীম মেম্বার:** সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (ইউনিট-০২) এর কর্মকর্তাবৃন্দ জনাব মোঃ সাইফুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী (বৈদ্যুতিক রক্ষণাবেক্ষণ) (বর্তমানে প্রকিউরমেন্ট ডিভিশন, কর্পোরেট অফিসে কর্মরত) ও টীম লিডার; জনাব মোঃ সাদ্দাম হোসেন, উপ-বিভাগীয় প্রকৌশলী (বৈদ্যুতিক রক্ষণাবেক্ষণ); জনাব মিঠুন চন্দ্র দাস, সহকারী প্রকৌশলী (বৈদ্যুতিক রক্ষণাবেক্ষণ); জনাব অনিক চন্দ্র দাস, উপ-সহকারী প্রকৌশলী (বৈদ্যুতিক রক্ষণাবেক্ষণ); এবং

কর্মচারীবৃন্দ জনাব আব্দুল্লাহ আল রাসেল, ফোরম্যান (বৈদ্যুতিক রক্ষণাবেক্ষণ); জনাব মোখলেসুর রহমান, ইলেকট্রিশিয়ান, (বৈদ্যুতিক রক্ষণাবেক্ষণ); জনাব নাহিদ হাসান, ওয়ার্ক অ্যাসিস্টেন্ট, (বৈদ্যুতিক রক্ষণাবেক্ষণ)।

### ২) দ্বিতীয় পুরস্কার: "Methane Gas Detector"

**টীম মেম্বার:** ভেড়ামারা ৪১০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের কর্মকর্তাবৃন্দ জনাব মোঃ রবিউল আওয়াল, প্রধান প্রকৌশলী (প্ল্যান্ট ম্যানেজার) ও টীম লিডার; জনাব মোঃ স্বাক্ষর মাহমুদ, উপ-ব্যবস্থাপক (আইসিটি/এমআইএস); এবং জনাব মোঃ তাজিমুল ইসলাম, উপ- সহকারী ব্যবস্থাপক (আইসিটি/এমআইএস)।

### ৩) তৃতীয় পুরস্কার: N-Pit Pump System Upgradation to Reduce Maintenance Time & Enhance Reliability.

**টীম মেম্বার:** ভেড়ামারা ৪১০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের কর্মকর্তাবৃন্দ জনাব সুব্রত কর্মকার, নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক সংরক্ষণ) ও টীম লিডার; জনাব নিলয় দাশ, সহকারী প্রকৌশলী (যান্ত্রিক সংরক্ষণ); এবং জনাব মোঃ বদরুদ্দোজা, উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক সংরক্ষণ)।

**এছাড়া, নিম্নোক্ত উদ্ভাবনী কার্যক্রমসমূহকে বিশেষ পুরস্কার প্রদান করা হয়:**

### ১) "Optimizing ST Instrument Air Compressors: Extending Filters and Lubricant Lifespan Through Airflow Diversion and Coalescer Filter Integration"

**টীম মেম্বার:** সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (ইউনিট-০১) এর কর্মকর্তাবৃন্দ জনাব সঞ্জয় কুমার বাড়ৈ, নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক সংরক্ষণ বিভাগ) ও টীম লিডার; জনাব এস. এম. রাকিবুল ইসলাম, সহকারী প্রকৌশলী (যান্ত্রিক সংরক্ষণ বিভাগ); জনাব আল-আমিন, উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক সংরক্ষণ বিভাগ); এবং ফোরম্যান জনাব মোঃ জয়নাল আবেদীন (যান্ত্রিক সংরক্ষণ বিভাগ)।

### ২) ST Air compressor এর design modification করে compressor এর কর্মদক্ষতা ও আয়ুষ্কাল বৃদ্ধি এবং Filter সমূহের consumption হ্রাসকরণ।

**টীম মেম্বার:** খুলনা ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের কর্মকর্তাবৃন্দ জনাব আহমদ শরীফ ছাজিদী, উপ-বিভাগীয় প্রকৌশলী, যান্ত্রিক সংরক্ষণ বিভাগ ও টীম লিডার; মোঃ রাকিব হাসান সাগর, সহকারী প্রকৌশলী, পরিচালন বিভাগ; মোঃ আব্দুস সামাদ, উপ-সহকারী প্রকৌশলী, যান্ত্রিক সংরক্ষণ বিভাগ।

### ৩) Increasing the redundancy of instrument air system by extending a compressed air supply line from Compressor in Fuel Treatment House to Instrument Air Receiver Tanks in Compressor Room

**টীম মেম্বার:** মধুমতি ১০০ মেঃওঃ এইচএফও চালিত বিদ্যুৎ কেন্দ্রের কর্মকর্তাবৃন্দ ইন্দ্রজিত কুমার চক্রবর্তী, উপ-বিভাগীয় প্রকৌশলী (যান্ত্রিক ও সিভিল রক্ষণাবেক্ষণ) ও টীম লিডার; জনাব মোঃ ফয়সাল হোসেন, সহকারী প্রকৌশলী (যান্ত্রিক ও সিভিল রক্ষণাবেক্ষণ); জনাব মোঃ মোজাম্মেল হক মুরাদ, উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক ও সিভিল রক্ষণাবেক্ষণ); এবং ফোরম্যান (যান্ত্রিক ও সিভিল রক্ষণাবেক্ষণ) জনাব মোঃ জহিরুল ইসলাম।

**৪) বিদ্যুৎ কেন্দ্রের instrument air লাইনে condensate drain valve স্থাপন করে দামী যন্ত্রসমূহকে মরিচার হাত থেকে রক্ষা করা**

**টীম মেম্বার:** মধুমতি ১০০ মেঃওঃ এইচএফও চালিত বিদ্যুৎ কেন্দ্রের কর্মকর্তাবৃন্দ জনাব শেখ নাঈম হোসেন, সহকারী প্রকৌশলী (বৈদ্যুতিক রক্ষণাবেক্ষণ) ও টীম লিডার; জনাব মোঃ সাজু মিয়া, উপ-সহকারী প্রকৌশলী (বৈদ্যুতিক রক্ষণাবেক্ষণ); জনাব মোঃ মাযহারুল হক, উপ-সহকারী প্রকৌশলী (বৈদ্যুতিক রক্ষণাবেক্ষণ)।

**৫) অক্সিলিয়ারি বয়লারের LFO Day Tank এ লেভেল সেন্সর ও শাট-অফ ভাল্ভ স্থাপন**

**টীম মেম্বার:** মধুমতি ১০০ মেঃওঃ এইচএফও চালিত বিদ্যুৎ কেন্দ্রের কর্মকর্তাবৃন্দ জনাব মোঃ ইব্রাহীম হোসেন, সহকারী প্রকৌশলী (পরিচালন) ও টীম লিডার; জনাব কে. এম. মহিউদ্দিন আবীর, সহকারী প্রকৌশলী (প্ল্যান্ট ম্যানেজার সংযুক্ত); মোঃ ফয়সাল হোসেন, সহকারী প্রকৌশলী (যান্ত্রিক ও সিভিল সংরক্ষণ)।

পুরস্কারপ্রাপ্ত টিমসমূহকে নগদ অর্থ, ক্রেস্ট ও সনদ প্রদান করা হয়। এছাড়া, ১ম স্থান অধিকারী ইনোভেশন টিমকে ৫০,০০০ হাজার টাকা; ২য় স্থান অধিকারী টিমকে ৩০,০০০ হাজার টাকা; ৩য় স্থান অধিকারী টিমকে ২০,০০০ হাজার টাকা এবং বিশেষ পুরস্কার প্রাপ্ত টিমসমূহকে ১০,০০০ টাকা করে প্রদান করা হয়।

অত্র এনডব্লিউপিজিসিএল বার্তায় এপ্রিল-জুন ২০২৫ তারিখের মধ্যে সংঘটিত কোম্পানির গুরুত্বপূর্ণ কার্যাবলীর সচিত্র তথ্যাবলী সকলের সদয় অবগতির জন্য প্রকাশ করা হলো। তথ্যের অবাধ প্রবাহ সুনিশ্চিত করতে ও কোম্পানির কার্যক্রম সম্পর্কে সকলকে অবহিত করতে এ ত্রৈমাসিক প্রকাশনা অনন্য ভূমিকা পালন করবে বলেই আমাদের বিশ্বাস। সকলের আগ্রহের প্রেক্ষিতে ভবিষ্যতেও 'এনডব্লিউপিজিসিএল বার্তা' প্রকাশিত হবে।

উল্লেখ্য, এখানে প্রকাশিত যাবতীয় তথ্যাদির মালিকানা নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ তথা বাংলাদেশ সরকারের। এখানে ব্যবহৃত তথ্যাদি/ছবি শুধুমাত্র সকলকে অবহিত করার জন্য প্রকাশিত হয়েছে। এর বাইরে এ সকল তথ্যাদি ও ছবি বিনাঅনুমতিতে ব্যবসায়িক কাজে ব্যবহারের নিমিত্ত কোনোরূপ মুদ্রণ বা প্রতিলিপি তৈরি করা যাবে না বা অন্য কোনো প্রকাশনায় ব্যবহার করা যাবে না।